

চাকরিপ্রার্থী নয়, নিজেকে চাকরিদাতা হিসাবে প্রতিষ্ঠা করা সম্ভব

শিক্ষার্থীদের প্রতি পরিকল্পনা মন্ত্রী
ইশ্রাফাক রিপোর্ট

পরিকল্পনা মন্ত্রী আহম মুত্তফা কামাল বলেছেন, প্রথাগত শিক্ষা নয়, যুগোপযোগী শিক্ষা উন্নয়নের জন্য অপরিহার্য। জীবনে বড় হতে হলে লক্ষ্য স্থির করতে হবে, স্বপ্ন দেখতে হবে। নিজেকে যোগ্য করে তৈরি করতে পারলে অভাবনীয় সফলতা অর্জন সম্ভব। যুগোপযোগী শিক্ষায় শিক্ষিত হতে পারলে চাকরিপ্রার্থী নয় বরং চাকরিদাতা হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করা সম্ভব।

মন্ত্রী গতকাল শনিবার ঢাকায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি) ক্যাম্পাসে বিইউবিটি এবং চাকরি ডট কম-এর যৌথ উদ্যোগে দিনব্যাপী ক্যারিয়ার মেলায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বিইউবিটি উপাচার্য অধ্যাপক মো. আবু সালেহ'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিইউবিটি টাস্ট সদস্য ও সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক আহমেদ সিদ্দিক উপস্থিত ছিলেন। পরিকল্পনা মন্ত্রী বলেন, শিক্ষিত যুবসমাজ হচ্ছে অগ্রগতির মূল চালিকাশক্তি। আমরা দারিদ্র্য জয় করেছি। মধ্যম আয়ের দেশে পরিণত হতে চলেছি। ২০২১ সালের মধ্যে আমরা ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিতে সক্ষম হবো। শতভাগ প্রাথমিক শিক্ষা এবং ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলতে সক্ষম হবো। ২০৩০ সালের মধ্যে দারিদ্র্য বিমোচন করে জ্ঞানভিত্তিক অর্থনীতি প্রতিষ্ঠা করা হবে। এসবের ধারাবাহিকতায় ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশের কাতারে শামিল হবে। বিইউবিটি মেলায় ১৬টি কোম্পানি অংশ নেয়।